प्रेस प्रकाशनी PRESS RELEASE

भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi
Website : www.rbi.org.in
ई-मेल/email : helpdoc@rbi.org.in

**संचार विभाग,** केंद्रीय कार्यालय, शहीद भगत सिंह मार्ग, फोर्ट, मुंबई-400001
**Department of Communication**, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort, Mumbai-400001 फोन/Phone: 022- 22660502

আज़ादी का अमृत महोत्सव

মে 19, 2023

**₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট –**

**প্রচলন(Circulation) থেকে প্রত্যাহার; বৈধ টেন্ডার হিসাবে চলনশীল থাকবে**

নভেম্বর 2016-তে আরবিআই অ্যাক্ট, 1934-এর ধারা 24(1) -এর অধীনে ₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট প্রচলনে আনা হয়েছিল প্রাথমিকভাবে ঐ সময়কালে প্রচলনে থাকা সকল ₹500 ও ₹1000 ব্যাঙ্কনোটের বৈধ টেন্ডার অবস্থান-স্বীকৃতি প্রত্যাহার হওয়ার পরে সত্বরভাবে অর্থনীতি-তে মুদ্রা জনিত দরকারকে মেটাবার লক্ষ্যে। ₹2000 ব্যাঙ্কনোট প্রচলনে আনার উদ্দেশ্য সাধিত হয়ে যায় যেইমাত্র অন্যান্য মূল্যমানের ব্যাঙ্কনোট পর্যাপ্ত পরিমানে লভ্য হয়ে যায়। সেইহেতু, ₹2000 ব্যাঙ্কনোটের মুদ্রণ 2018-19-এ বন্ধ করে দেওয়া হয়।

2. ₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট-এর প্রায় 89% মার্চ 2017-এর পূর্বে জারি করা হয়েছিল এবং 4-5 বছরে তাদের সম্ভাব্য স্থায়ীত্ব-মেয়াদের অন্তকালে এসে পৌছেছে। প্রচলনে উপস্থিত থাকা এইসকল ব্যাঙ্কনোটের সর্বমোট মূল্য মার্চ 31, 2018 –এ ₹6.73 লাখ কোটি-র(প্রচলনে থাকা নোটের 37.3%) শিখর অবস্থান থেকে নেমে গিয়ে হয়েছে ₹3.62 লাখ কোটি যা সংগঠিত হয়েছে প্রচলনে থাকা নোটের কেবলমাত্র 10.8% নিয়ে মার্চ 31, 2023-এ। তৎসহ এই বিষয়টিও পরিলক্ষিত হয়েছে যে এই মূল্যমান সাধারণভাবে লেনদেন কার্যের জন্য ব্যবহার করা হয় না। তদুপরি, অন্যান্য মূল্যমানের ব্যাঙ্কনোটের ভান্ডার জনগণের মুদ্রা জনিত দরকার মেটাবার সাপেক্ষে অব্যাহতভাবে পর্যাপ্ত আছে।

3. উপরোক্ত বিষয় দর্শনে রেখে, এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর "পরিচ্ছন্ন নোট নীতি" অনুসারে, ₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট প্রচলন থেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

4. ₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট অব্যাহতভাবে বৈধ টেন্ডার থাকবে।

5. খেয়াল করা যেতে পারে যে আরবিআই অনুরূপ একটি নোটসমূহের প্রচলন থেকে প্রত্যাহারক্রিয়া 2013-2014-তে গ্রহণ করেছিল।

6. তদনুসারে জনসাধারণ ₹2000 ব্যাঙ্কনোট তাঁদের ব্যাঙ্ক খাতায় জমা করতে পারেন এবং/ অথবা সেগুলি অপর মূল্যমানের ব্যাঙ্কনোটে বদলে নিতে পারেন যেকোনও ব্যাঙ্ক শাখায়। ব্যাঙ্ক খাতায় জমা কার্য স্বাভাবিক উপায়ে করা যাবে, অর্থাৎ, বিনা বিধিনিষেধ-এ এবং বিদ্যমান বিধিনির্দেশাদি এবং প্রযোজ্য অন্যান্য সংবিধিবদ্ধ বিধান-এর সাপেক্ষে।

7. কার্যপালন সংক্রান্ত সুবিধা নিশ্চিত করতে এবং ব্যাঙ্ক শাখার নিয়মিত ক্রিয়াকার্যাদি-তে প্রতিবন্ধকতা জনিত পরিস্থিতি এড়াবার উদ্দেশ্যে, ₹2000 ব্যাঙ্কনোট অন্যান্য মূল্যমানের ব্যাঙ্কনোটে বদল করা যেতে পারে এককালীন ₹20,000/- এর সীমা মান পর্যন্ত, যেকোনও ব্যাঙ্কে, মে 23, 2023 থেকে শুরু ক'রে।

8. সময়-নিয়ন্ত্রণবদ্ধ উপায়ে কার্য-প্রক্রিয়াটি সম্পন্ন করতে এবং জন সাধারণকে পর্যাপ্ত সময় প্রদান করতে, সকল ব্যাঙ্কসমূহ জমা এবং/ অথবা বিনিময় সুবিধা প্রদান করবে ₹2000 ব্যাঙ্কনোটের মর্মে, সেপ্টেম্বর 30, 2023 না হওয়া পর্যন্ত। পৃথকভাবে নির্দেশিকা জারি করা হয়েছে ব্যাঙ্ক সমূহের প্রতি।

9. তৎসহ এককালীন ₹20,000/- এর সীমা মান পর্যন্ত ₹2000 ব্যাঙ্কনোটের বিনিময় জনিত সুবিধা প্রদান করা হবে আরবিআই-এর নির্গম বিভাগ[1] থাকা 19টি আঞ্চলিক কার্যালয়ে (ROs), মে 23, 2023 থেকে।

10. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অবিলম্বে কার্যকরী হবার মর্মে ব্যাঙ্ক সমূহকে পরামর্শ দিয়েছে যাতে ₹2000 মূল্যমানের ব্যাঙ্কনোট জারি বন্ধ করা হয়।

11. জনসাধারণকে উৎসাহ জানানো হচ্ছে ₹2000 ব্যাঙ্কনোট জমা এবং/ অথবা বিনিময় কার্যের মর্মে সেপ্টেম্বর 30, 2023 অবধি সময়কাল সদব্যবহার করতে। বিষয়টি নিয়ে প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নসমূহ (FAQs) সংক্রান্ত একখানি নথি আরবিআই ওয়েবসাইটে রাখা হয়েছে জনতার তথ্যজ্ঞাতব্য এবং সুবিধার্থে।

**(যোগেশ দয়াল)**

**প্রেস বিজ্ঞপ্তি: 2023-2024/257**

মুখ্য মহাপ্রবন্ধক

---

[1] আমেদাবাদ, ব্যাঙ্গালোর, বেলাপুর, ভোপাল, ভুবনেশ্বর, চন্ডীগড়, চেন্নাই, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কলকাতা, লাখনউ, মুম্বই, নাগপুর, নিউ দিল্লী, পাটনা এবং থিরুবনন্তপুরম